

## ■■ সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৮৭৫

২৩/ ভাগ্য গণনা ও ফাল নেয়া (کتاب الکهانة و التطیر) পরিচ্ছেদঃ ৪. পাখীর দ্বারা শুভাশুভের ফাল নির্ধারণ সম্পর্কে।

باب فِي الطِّيرَةِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُصَفَّى، حَدَّثَنَا بَقِيَّةُ، قَالَ قُلْتُ لِمُحَمَّدٍ \_ يَعْنِي ابْنَ رَاشِدٍ \_ قَوْلُهُ " هَامَ ". قَالَ كَانَتِ الْجَاهِلِيَّةُ تَقُولُ لَيْسَ أَحَدٌ يَمُوتُ فَيُدْفَنُ إِلاَّ خَرَجَ مِنْ قَبْرِهِ هَامَةٌ. قُلْتُ فَقَوْلُهُ صَفَرَ. قَالَ سَمِعْتُ أَنَّ أَهْلَ الْجَاهِلِيَّةِ يَسْتَشْئِمُونَ بِصَفَرَ فَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم " لاَ صَفَرَ ". قَالَ مُحَمَّدٌ وَقَدْ سَمِعْنَا مَنْ يَقُولُ هُوَ وَجَعٌ يَأْخُذُ فِي الْبَطْنِ فَكَانُوا يَقُولُونَ هُو يَعْدِي فَقَالَ " لاَ صَفَرَ ".

## বাংলা

৩৮৭৫. মুহাম্মদ ইবন মুসাফফা (রহঃ) .... রাবীআ' (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি মুহাম্মদ ইবন রাশিদ (রাঃ)–কে জিজ্ঞাসা করি যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম–এর কথা 'হাম' শব্দের অর্থ কি? তিনি বলেন, জাহিলী যুগে লোকেরা এরূপ মনে করতো যে, মৃত ব্যক্তিকে দাফন করার পর তার আত্মা পেঁচার রূপ ধারণ করতো। এরপর আমি জিজ্ঞাসা করি, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর 'সফর' শব্দের অর্থ কি? তিনি বলেন, জাহিলী যুগে লোকেরা সফর মাসকে অমঙ্গলের মাস হিসাবে বিবেচনা করতো, এজন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ না, সফর মাস এরূপ নয়।

মুহাম্মদ ইবন রাশেদ বলেনঃ আমরা শুনেছি, কোন কোন লোক এরূপ বলতো যে, সফর মাসে এক ধরনের পেটের ব্যথা হতো, যে জন্য তারা বলতো, এটি ছোঁয়াচে রোগ। এ কারণে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ না, সফর মাস এরূপ নয়, যেরূপ তোমরা ধারণা কর।

## **English**

Muhammad b. al-Musaffa said to us on the authority of Baqiyyah. He said: I asked Muhammad b. Rashid about the meaning of the word hamah. He replied: The pre-Islamic Arabs used to say: When anyone dies and is buried,



a bird comes forth from his grave. I asked: What did he mean by safar? He said: I heard that the pre-Islamic Arabs used to take evil omen from safar. So the Prophet (ﷺ) said: There is no safar. Muhammad (b. Rashid) said: We heard someone say: It is a pain in the stomach. They said that it was infection. Hence he said: There is no safar.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন